সমকাল

তারিখ 29 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

নকল করতে না দেওয়া

# বানারীপাড়ায় শিক্ষককে মারধর আটক ৩

■ বানারীপাড়া (বরিশাল) প্রতিনিধি

বানারীপাড়ায় ডিগ্রি কলেজ কেন্দ্রে এসএসসি পরীক্ষায় নকলে বাধা দেওয়াকে কেন্দ্র করে শিক্ষককে ইট দিয়ে মাথা থেঁতলে দেওয়া হয়েছে। ওই শিক্ষককে অপর শিক্ষক ও ছাত্রীরা রক্ষা করতে এসে তারাও হামলার শিকার হয়েছেন।

স্থানীয়রা ওই পরীক্ষার্থীর বাবাসহ হামলাকারী তিনজনকে আটক করে পুলিশে সোপর্দ করেছে। ঘটনাটি ঘটেছে রোববার উপজেলার চৌয়ারীপাড়া হাসিনা মোর্শেদ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে। প্রধান শিক্ষক সাহিনা বেগম জানান, শান্তা নামের বানারীপাড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীকে নকলে বাধা দেওয়ায় শিক্ষার্থীর বাবা হুমায়ুন কবির শরিফ, মামা কামাল ও নাঈম রোববার দুপুরে চৌয়ারীপাড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে ঢুকে গণিতের শিক্ষক হরিচাঁদ মণ্ডলকে বেধড়ক মারধর করে। এক পর্যায়ে ইট দিয়ে মাথা থেঁতলে দেয়। শিক্ষক হরিচাঁদ মণ্ডলকে গুরুতর আহত অবস্থায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

হুমায়ুন কবির শরিফ জানান, পরীক্ষা চলাকালীন পরিদর্শক তার মেয়ের কাছে মোবাইল নম্বর চাওয়াসহ যৌন হয়রানি ও নকল দিয়ে বহিষ্কার করার হুমকি দেওয়ায় তিনি পরীক্ষা শেষে হাসিনা মোর্শেদ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে বিষয়টি জানতে চাইলে তার সঙ্গে ওই শিক্ষক দুর্ব্যবহার করেন।